

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি সাবসিডিয়ারী)
যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।

পুরাতন গাড়ী নিলাম বিজ্ঞপ্তি :

অত্র কোম্পানীর প্রধান কার্যালয়, যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম, ঢাকাস্থ আবাসিক অফিস, ২ কাওরান বাজার, ঢাকা, চট্টগ্রাম টারমিনাল অফিস, গুপ্তখাল, পতেঙ্গা, চট্টগ্রাম এবং বগুড়া বিভাগীয় অফিসে “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে পুরাতন কার, জীপ, ভ্যান, ট্যাক্সলরী, ও পিক-আপ বিক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে সীলগালাকৃত দরপত্র আহবান করা যাচ্ছে :

যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রামস্থ অফিসে রক্ষিত : কার ৩ টি।

০২ কাওরান বাজার, ঢাকা অফিসে রক্ষিত : কার ১ টি।

বগুড়া বিভাগীয় অফিসে রক্ষিত : জীপ ১টি, কার ১টি।

পতেঙ্গা, চট্টগ্রাম টারমিনাল অফিসে রক্ষিত : ভ্যান ২টি, ট্যাক্সলরী ২টি, পিক-আপ ২টি।

পুরাতন গাড়ীসমূহের বিস্তারিত বিবরণ ও নিলামের শর্তাবলী সম্বলিত দরপত্র সিডিউল প্রতি সেট ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যে (ক) চীফ ক্যাশিয়ার, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড, যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম (খ) ডি জি এম, আবাসিক অফিস, ২ কাওরান বাজার, ঢাকা (গ) এ জি এম -সেল্‌স অফিস, বাসা নং-১, রোড নং- ২৮, হাউজিং এস্টেট, উপশহর, বগুড়া থেকে সংগ্রহ করা যাবে। এক বা একাধিক গাড়ীর জন্য দরপত্র প্রদান করা যাবে। দরপত্রের সাথে জামানত বাবদ সর্বমোট উদ্ধৃত মূল্যের ৫% হারে পে অর্ডার বা ব্যাংক ড্রাফট “যমুনা অয়েল কোম্পানী লিমিটেড” এর অনুকূলে অবশ্যই সংযুক্ত করতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রামস্থ ডি জি এম (অপারেশন্স) এর অফিসে অথবা ঢাকাস্থ ডি জি এম, আবাসিক অফিসে কিংবা বগুড়াস্থ এ জি এম (সেল্‌স) এর অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে আগামী ৩০-০৯-২০১৫ তারিখ বেলা ০২-৪৫ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। এ দিন বেলা ৩-০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে সকল অফিসে একযোগে দরপত্র খোলা হবে।

দরপত্র খোলার দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। গাড়ীগুলি যে কোন দিন অফিস চলাকালীন সময়ে বেলা ১০-০০ টা থেকে ১৬-০০ টার মধ্যে উপরোক্ত অফিসসমূহে পরিদর্শন করা যাবে। অনিবার্য কারণে নির্ধারিত দিনে দরপত্র গ্রহণ/খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে একই সময়ে তা গ্রহণ/খোলা হবে। যমুনা অয়েল কোম্পানী লিমিটেড কর্তৃক প্রদত্ত দরপত্রের বিক্রয় হলে দরদাতার দরপত্র প্রদানের তারিখের দিন থেকে দরপত্র গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

এমপি/পিটি/০৪/২০১৫-১৬

ডি জি এম (অপারেশন্স)

www.avs4you.com